



প্রেস বিজ্ঞপ্তি

২৭ সেপ্টেম্বর ২০২১

বাউবি'র এপিএ বাস্তবায়ন কর্মশালা অনুষ্ঠিত



বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন, অগ্রগতি ও পরিকল্পনা নিয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে গাজীপুর ক্যাম্পাসে দিনব্যাপি এক কর্মশালা আজ ২৭ সেপ্টেম্বর, ২০২১ সোমবার উপাচার্যের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার প্রধান অতিথি ছিলেন।

উপাচার্য সুশাসন, শুদ্ধাচার, ইনোভেশনের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ‘সোনার বাংলা’ প্রতিষ্ঠার লক্ষ্য বাস্তবায়নে সকলকে এপিএ বাস্তবায়ন করার আহ্বান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও ট্রেজারার মোস্তফা আজাদ কামাল।

কর্মশালার সভাপতি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও এপিএ টিম লিডার ড. মহা: শফিকুল আলম পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে এপিএ কার্যক্রম বাস্তবায়ন, অগ্রগতি ও পরিকল্পনা সম্পর্কে সামগ্রিক ধারণা তুলে ধরেন। কর্মশালায় অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের ডিনবৃন্দ, পরিচালকগণ, বিভাগীয় প্রধান, এপিএ ফোকাল পয়েন্টগণ, বিভিন্ন অফিসের শাখা প্রধানগণ।

একই সাথে দূর প্রযুক্তিতে ১২টি আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালকগণ অংশ নেন। দিনব্যাপি এ কর্মশালায় এপিএ বাস্তবায়ন, অগ্রগতি ও পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বিশ্ববিদ্যালয়ের এপিএ ফোকাল পয়েন্ট নাজনীন আখতার সভাপতির সঞ্চালক ছিলেন।

আবুল কাসেম শিখদার

(মোঃ আবুল কাসেম শিখদার)

পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।

মোবাইলঃ ০১৭১১১৫৭২৩৬

বার্তা সম্পাদক